# বরিশালে বিশেষ অভিযানে ডিবি হারুনের ডানহাত কন্টেন্ট ক্রিয়েটর তৌহিদ আফ্রিদি গ্রেফতার




সংগৃহীত ছবি

বরিশালে সিআইডি-পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার হয়েছেন তৌহিদ আফ্রিদি। তিনি জুলাই মাসে কন্টেন্ট ক্রিয়েটরদের আওয়ামী লীগের পক্ষে কনটেন্ট বানাতে হুমকি দেওয়ার অভিযোগে আলোচিত হন। এছাড়া তার বিরুদ্ধে হত্যা মামলাসহ একাধিক গুরুতর অভিযোগ রয়েছে।

বরিশালে সিআইডি-পুলিশের একটি বিশেষ অভিযানে গ্রেফতার হয়েছেন ডিবি হারুনের ঘনিষ্ঠ সহযোগী হিসেবে পরিচিত তৌহিদ আফ্রিদি। সূত্র জানায়, জুলাই মাসে তিনি কন্টেন্ট ক্রিয়েটরদের জোরপূর্বক আওয়ামী লীগের পক্ষে কনটেন্ট তৈরি করতে বাধ্য করার চেষ্টা করেন এবং তাদের হুমকি দেন।

এছাড়াও তৌহিদের বিরুদ্ধে হত্যা মামলাসহ একাধিক গুরুতর অপরাধের অভিযোগ রয়েছে। দীর্ঘদিন ধরে তার অপরাধমূলক কর্মকাণ্ডের কারণে তিনি আইনশৃঙ্খলা বাহিনীর নজরদারিতে ছিলেন। অবশেষে বরিশালে বিশেষ অভিযানের মাধ্যমে তাকে গ্রেফতার করতে সক্ষম হয় সিআইডি।

তথ্যসূত্র: উপদেষ্টা আসিফ মাহমুদ